



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

নভেম্বর-২০২৩ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমে সভার কার্যবিবরণী:

সভাপতি	:	প্রকৌ. মোঃ ফারুক হোসেন মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার
তারিখ	:	০৪ ডিসেম্বর ২০২৩
সময়	:	সকাল ১১:৩০ ঘটিকা
স্থান	:	মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) এর দপ্তর
উপস্থিতি	:	উপস্থিতি “ক” সংযুক্ত।

কোম্পানীর কাজের গতিশীলতা, গুণগত পরিবর্তন ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর বাৎসরিক ইনোভেটিভ কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্তে এসজিএফএল অফিস আদেশ নম্বর: ২৮.২০.৯১৫৩.১৬১.৫৮.০০১.২২.১৪৫ তারিখ: ০১ অক্টোবর ২০২৩ এর আলোকে গঠিত কোম্পানির ইনোভেশন টিমের সভা ০৪ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার মহোদয়ের দপ্তরে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কোম্পানির ইনোভেশন টিমের সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। সভায় মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার সভাপতিত্ব করেন।

শুরুতে সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং ইনোভেশন টিমের সদস্য-সচিব ও ব্যবস্থাপক (এমএম-সিএফপি) জনাব প্রকৌ. রতন কান্তি নাথ-কে আলোচনার আহ্বান জানান। সভাপতির সম্মতিক্রমে সদস্য-সচিব সভার আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন করেন এবং সবাইকে আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করেন। সভার আলোচ্যসূচী:

০১) ইনোভেশন আইডিয়াসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

Financial Accounting ERP'র Integrated ওয়েববেইজড পে-রোল সফটওয়্যার উদ্যোগটি বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, ব্যবস্থাপক (সাধারণ হিসাব) ও সদস্য, ইনোভেশন টিম বলেন যে, উদ্যোগটি বাস্তবায়নের শেষ পর্যায়ে রয়েছে। উদ্যোগটি নিয়ে একটি শোকেসিং এর আয়োজন করা হবে এবং সেই মোতাবেক কাজ করা হবে বলে জানান।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনা শেষে শোকেসিং আয়োজনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০২) ই-নথির ব্যবহার বৃদ্ধি [ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত]:

নভেম্বর ২০২৩ মাসের ডি-নথির নিষ্পত্তি সংখ্যা ১২২০ টি এবং হার্ড নথি নিষ্পত্তিকৃত সংখ্যা ২৯ টি। এতে লক্ষ্য করা যায় যে, নভেম্বর ২০২৩ মাসে হার্ড নথি নিষ্পত্তির সংখ্যা অক্টোবর ২০২৩ মাসের তুলনায় বেশী হওয়ায় সভাপতি দুঃখ প্রকাশ করেন এবং হার্ড নথির সংখ্যা কমিয়ে ডি-নথির ব্যবহার বৃদ্ধি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: ই-গর্ডন্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী হার্ড নথির সংখ্যা কমিয়ে ডি-নথির ব্যবহার বৃদ্ধির জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।




সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

- ০৩) আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ:
তথ্য বাতায়ন হালনাগাদ করণে বিষয়ে আলোচনা করা হলে সভাপতি মাসিক সমন্বয় সভায় আলোচনা করা হবে জানান এবং কমিটির সদস্যদের মধ্যেও আলোচনা করা হয়। উক্ত আলোচনায় ফিল্ড/স্থাপনা হতে তথ্য সমূহ প্রধান কাযালয়ে আইটি ডিপার্টমেন্টে প্রেরণ করার জন্য বলা হয় এবং আইটি ডিপার্টমেন্ট প্রাপ্ত তথ্যসমূহ হালনাগাদ করবে।
সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে যথাসময়ে তথ্যসমূহ আইটি ডিপার্টমেন্ট কর্তৃক আপডেট করার নির্দেশনা প্রদান করেন।
- ০৪) বিবিধ:
ইতঃপূর্বে উল্লেখিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহে ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়িতব্য আইডিয়াসমূহ চালু রাখার জন্য সংশ্লিষ্টদের পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

সভাপতি ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ যথাসময়ে বাস্তবায়নে জন্য সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২২/১২/২০২৩
প্রকৌ. মোঃ ফারুক হোসেন
মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, এসজিএফএল।

বিতরণ:

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (সকল), এসজিএফএল।
- ফিল্ড/স্থাপনা প্রধান, এসজিএফএল।
- ফোকাল পয়েন্ট অফিসার, এপিএ টিম, এসজিএফএল।
- ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, এসজিএফএল।

